



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd




স্মারক নং-৩৭.১০.০০০০.১০৩.৪৩.০৩১.০৩১-২০২৩

তারিখ: ১৪/১১/২০২৩ খ্রি.

বিষয়: রাজস্বখাতে অস্থায়ীভাবে নিয়োগের প্রেক্ষিতে অধ্যক্ষ (নন-ক্যাডার) প্রশাসনিক পদে যোগদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আণ্টীকরণ বিধিমালা-২০১৮'-এর আলোকে কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলাধীন শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা কলেজ-এর বেসরকারি আমলে নিয়োগকৃত ও কর্মরত শিক্ষক কর্মচারীদের পদ সৃজনের পরিপ্রেক্ষিতে রাজস্বখাতে অস্থায়ীভাবে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। আপনি জনাব আরিফ উদ্দিন আহমেদ-কে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ০২-১০-২০২৩ তারিখের ৩৭.০০.০০০০.০৮৫.১৫.১৭৮(এ).২২-১৪৪৯ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক অধ্যক্ষ (নন-ক্যাডার) প্রশাসনিক পদে রাজস্বখাতে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলেও অদ্যাবধি যোগদান প্রক্রিয়া সম্পন্ন করেননি। যে কারণে নিয়োগপ্রাপ্ত অন্যান্য শিক্ষক-কর্মচারীদের যোগদানে জটিলতার সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, রাজস্বখাতে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের যোগদানের জটিলতা নিরসনে আপনাকে ২৩-১১-২০২৩ তারিখের মধ্যে নিয়োগপ্রাপ্ত অধ্যক্ষ (নন-ক্যাডার) প্রশাসনিক পদে যোগদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায় আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ পরবর্তী জ্যেষ্ঠতম শিক্ষক-কে যোগদানের অনুমতি ও আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রদান করা হবে।


14.11.2023

(মোঃ তানভীর হাসান-১৮৩৮৯)
সহকারী পরিচালক (কলেজ-২)
ফোন: ৪১০৫০৬২৪

জনাব আরিফ উদ্দিন আহমেদ
অধ্যক্ষ
শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা কলেজ
দৌলতপুর, কুষ্টিয়া



অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা;
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া;
- ৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৬) সংরক্ষণ নথি।